**প্রেস বিজ্ঞপ্তি**

**জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ**

**বিভিন্ন অপরাধে ৪৮টি প্রতিষ্ঠানকে ৫.৩২ লক্ষ টাকা জরিমানা**

**৭ জুন ২০১৭ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা মহানগর ব্যতীত বিভিন্ন বিভাগীয় ও জেলা কার্যালয়ের ১৮ জন কর্মকর্তার নেতৃত্বে নরসিংদী, মুন্সীগঞ্জ, গোপালগঞ্জ, রাজশাহী, সুনামগঞ্জ, কুষ্টিয়া, হবিগঞ্জ, বরিশাল, ঝালকাঠি, চট্রগ্রাম, বাগেরহাট, সাতক্ষীরা, সিলেট ও বরগুনায় আজ বাজার তদারকি করা হয়।

কিশোরগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: ইব্রাহীম হোসেনের নেতৃত্বে কিশোরগঞ্জের পাকুন্দিয়া উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১৩,০০০/- (তের হাজার)** টাকা, মুন্সীগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক তাহমিনা বেগমের নেতৃত্বে মুন্সীগঞ্জের গজারিয়া উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, গোপালগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শামীম হাসানের নেতৃত্বে গোপালগঞ্জ সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৩,৫০০/- (তিন হাজার পাঁচশত)** টাকাসহ মোট **২৬,৫০০/- (ছাব্বিশ হাজার পাঁচশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা এবং ওজনে কারচুপির অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

রাজশাহী বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মো: হাসান-আল-মারুফের নেতৃত্বে রাজশাহী মহানগর এলাকায় **৭টি** প্রতিষ্ঠানকে **৩,০৫,০০০/- (তিন লক্ষ পাঁচ হাজার)** টাকা, সুনামগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: জাহাঙ্গীর আলমের নেতৃত্বে দক্ষিণ সুনামগঞ্জ এলাকায় **৫টি** প্রতিষ্ঠানকে **২,৭০০/- (দুই হাজার সাতশত)** টাকা, কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: সেলিমুজ্জামানের নেতৃত্বে কুষ্টিয়ার খোকসা উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৪১,০০০/- (একচল্লিশ হাজার)** টাকা, হবিগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে হবিগঞ্জ সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৪,০০০/- (চার হাজার)** টাকা, বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: শাহ শোয়াইব মিয়ার নেতৃত্বে বরিশালের কোতয়ালী থানা এলাকায় **১টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, ঝালকাঠি জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সাফিয়া সুলতানার নেতৃত্বে ঝালকাঠি সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **১,০০০/- (এক হাজার)** টাকা, বরিশাল বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক সুমি রাণী মিত্রের নেতৃত্বে বরিশাল মহানগরের কোতয়ালী থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকা, চট্রগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক নাসরিন আক্তারের নেতৃত্বে চট্রগ্রাম মহানগরের বন্দর থানা **৪টি** প্রতিষ্ঠানকে **১২,০০০/- (বার হাজার)** টাকা এবং অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে কনকর্ড এন্টারটেইনমেন্ট কোং লি: কে **২,০০০/- (দুই হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **১ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৫০০/- (পাঁচশত)** টাকা প্রদান করা হয়, চট্রগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক বিকাশ চন্দ্র দাসের নেতৃত্বে চট্রগ্রাম মহানগরের বন্দর থানা এলাকায় **৩টি** প্রতিষ্ঠানকে **১৩,০০০/- (তের হাজার)** টাকা এবং অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে কনকর্ড (ফয়েজ লেক) কে **২,০০০/- (দুই হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **১ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৫০০/- (পাঁচশত)** টাকা প্রদান করা হয়, চট্রগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ হাসানুজ্জামানের নেতৃত্বে চট্রগ্রামের পতেঙ্গা উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা, বাগেরহাট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনুর আলমের নেতৃত্বে বাগেরহাটের কচুয়া উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, সাতক্ষীরা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: সোহেল শেখের নেতৃত্বে সাক্ষীরা সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, সিলেট বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ ফয়েজ উল্যাহ এর নেতৃত্বে সিলেটের মোগলাবাজার এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **৩৮,০০০/- (আটত্রিশ হাজার)** টাকা, রাজশাহী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক অপূর্ব অধিকারীর নেতৃত্বে রাজশাহীর মোহনপুর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১২,০০০/- (বার হাজার)** টাকা এবং বরগুনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আল-আমিনের নেতৃত্বে বরগুনার বেতাগী উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকাসহ মোট **৫,০৫,৭০০/- (পাঁচ লক্ষ পাঁচ হাজার সাতশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য/ইফতার তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের **১৮টি** বাজার তদারকির ও **২টি** লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৪৮টি** প্রতিষ্ঠানকে মোট **৫,৩২,২০০/- (পাঁচ লক্ষ বত্রিশ হাজার দুইশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **২ জন** অভিযোগকারীকে মং **১,০০০/- (এক হাজার)** টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, সিটি কর্পোরেশন/পৌরসভার প্রতিনিধি, স্যানেটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-
(মো: মাসুম আরেফিন)
সহকারী পরিচালক (তদন্ত)
ফোনঃ ০২-৮১৮৯৪১১
ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, নরসিংদী, মুন্সীগঞ্জ, গোপালগঞ্জ, রাজশাহী, সুনামগঞ্জ, কুষ্টিয়া, হবিগঞ্জ, বরিশাল, ঝালকাঠি, চট্টগ্রাম, বাগেরহাট, সাতক্ষীরা, সিলেট ও বরগুনা।
৭। পুলিশ সুপার, নরসিংদী, মুন্সীগঞ্জ, গোপালগঞ্জ, রাজশাহী, সুনামগঞ্জ, কুষ্টিয়া, হবিগঞ্জ, বরিশাল, ঝালকাঠি, চট্টগ্রাম, বাগেরহাট, সাতক্ষীরা, সিলেট ও বরগুনা।
৮। ভারপ্রাপ্ত সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাক্তালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।